



বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION

BCIC BHABAN, 30-31, DILKUSHA C.A., DHAKA-1000, BANGLADESH

www.bcic.gov.bd



সূত্র নং-৩৬.০১.০০০০.১২৬.১১.৪০১.২০/ ৩৯৬

তারিখঃ ০৮/১২/২০২০ খ্রি.

বর্তমান ঠিকানাঃ

জনাব মোঃ দেলোয়ার হোসেন

পিতাঃ মোঃ কাঞ্চন মিয়া

গ্রামঃ ইসলামপুর

ডাকঘরঃ ভুলতা

উপজেলাঃ রূপগঞ্জ

জেলাঃ নারায়ণগঞ্জ।

স্থায়ী ঠিকানাঃ

গ্রামঃ মিরপাড়া

ডাকঘরঃ গটিহাটা

উপজেলাঃ কটিয়াদি

জেলাঃ কিশোরগঞ্জ

বিষয়ঃ সহকারী নিরাপত্তা কর্মকর্তা পদে নিয়োগপত্র।

মহোদয়,

আপনার আবেদন, পরবর্তীতে গৃহীত লিখিত পরীক্ষা, মৌখিক সাক্ষাৎকার, পুলিশ ভেরিফিকেশন এবং স্বাস্থ্যগত সনদপত্রের ভিত্তিতে আপনাকে অত্র সংস্থায় সহকারী নিরাপত্তা কর্মকর্তা পদে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ম গ্রেডে টাকা ১৬০০০-৩৮৬৪০/- বেতনক্রমে মাসিক মূল বেতন ১৬০০০/- টাকায় নিম্নবর্ণিত শর্তে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করতঃ সংস্থায় শাহজালাল ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড, ফেঞ্চুগঞ্জ, সিলেট এ পোস্টিং দেওয়া হইলঃ


- ১। উপরোক্ত বেতন ছাড়াও আপনি সরকারী/সংস্থার নিয়মানুযায়ী বাড়ী ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, বোনাসসহ আনুষঙ্গিক সুযোগ সুবিধাদি প্রাপ্য হইবেন।
- ২। চাকুরিতে যোগদানকালে আপনাকে সংস্থায় ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসর চাকুরি করিবেন মর্মে নিশ্চয়তা স্বরূপ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করিতে হইবে। যোগদানের সময় হইতে ০৫ (পাঁচ) বৎসরের পূর্বে চাকুরি হইতে ইস্তফা প্রদান করিতে চাহিলে সংস্থার নিয়োগ, প্রশিক্ষণ ও অন্যান্য আনুষঙ্গিক সুযোগ সুবিধাদি বাবদ ব্যয়িত সাকুল্যে ২০০০০০.০০ (দুই লক্ষ) টাকা ফেরত প্রদান করিতে হইবে। অঙ্গীকারনামার নমুনা সংস্থার নিয়োগ ও প্রশিক্ষণ উপ-বিভাগ অথবা বিসিআইসি'র ওয়েবসাইট-www.bcic.gov.bd হইতে সংগ্রহ করিতে হইবে।
- ৩। নিয়োগের প্রথম ৬ (ছয়) মাস আপনি শিক্ষানবিশ (প্রবেশন) থাকিবেন। এ সময়ে আপনার কর্মদক্ষতা, আচার-আচরণ সন্তোষজনক না হইলে এবং সংস্থা/কারখানা কর্তৃপক্ষ উপযুক্ত বিবেচনা করিলে এই শিক্ষানবিশ কাল আরও ৬ (ছয়) মাস পর্যন্ত বৃদ্ধি করিতে পারিবে। সন্তোষজনকভাবে শিক্ষানবিশ মেয়াদ সমাপ্ত করার পর নির্ধারিত পদ্ধতিতে আপনার নিয়োগ স্থায়ী করা হইবে।
- ৪। আপনার আবেদনপত্রের সহিত সংযুক্ত কাগজপত্রে প্রদত্ত কোন তথ্য যদি ভবিষ্যতে অসত্য/ভুল প্রমাণিত হয় সেইক্ষেত্রে আপনার নিয়োগ সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। একই সাথে বিসিআইসি হইতে গৃহীত সকল আর্থিক সুবিধাদি ফেরত প্রদান করিতে হইবে।
- ৫। বিসিআইসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৮৮ দ্বারা আপনার চাকুরী নিয়ন্ত্রিত হইবে।
- ৬। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে আপনার চাকুরির পদবী বা দায়িত্বের প্রকৃতি পরিবর্তন করিতে পারিবে।
- ৭। প্রথম নিয়োগ প্রাপ্ত কর্মস্থলে আপনাকে কমপক্ষে ০৩ (তিন) বছর চাকুরি করিতে হইবে। তবে সংস্থা কর্তৃপক্ষ প্রয়োজন বোধে সংস্থার অধীনস্থ যে কোন কারখানা/প্রতিষ্ঠান/প্রকল্পে আপনাকে বদলী করিতে পারিবে।
- ৮। কর্ম-নৈপুন্যতা মূল্যায়ন ও কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রতি বৎসর আপনার বেতন সংশ্লিষ্ট বেতনক্রমের নির্ধারিত ধাপ অনুযায়ী সংস্থার বিধির আলোকে বৃদ্ধি করা হইবে।
- ৯। বিসিআইসি কর্মচারী চাকুরি প্রবিধানমালা-১৯৮৮ ও সরকারী নির্দেশিকা অনুযায়ী আপনি ছুটি প্রাপ্য হইবেন।
- ১০। বিসিআইসি কর্মচারী ভবিষ্য তহবিল এর নিয়মানুযায়ী আপনি উক্ত তহবিলের সদস্য হইতে পারিবেন এবং সুবিধাদি ভোগ করিতে পারিবেন।
- ১১। সংস্থার অথবা ইহার অধীনস্থ কারখানা/প্রকল্পের ব্যবসা বাণিজ্য/সম্পত্তি/গোপনীয় বিষয়/অন্যান্য বিষয়/তথ্য/গোপনীয় তথ্য, ইত্যাদি ব্যাপারে আপনি প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে অন্যের কাছে/অন্যান্য সংস্থা/প্রতিষ্ঠানের কাছে আলাপ/ফাঁস করিতে পারিবেন না।

চলমান পাতা-০২

১২। চাকুরিতে যোগদানের সময় আপনাকে নিজের জন্য বা পরিবারের অন্য সদস্যের জন্য “যৌতুক দিবেন না এবং যৌতুক নিবেন না” মর্মে অঙ্গীকার নামা প্রদান করিতে হইবে।

১৩। চাকুরিতে যোগদান কালে আসা যাওয়ার জন্য আপনি কোন টিএ/ডিএ প্রাপ্য হইবেন না।

উপরোক্ত শর্তাবলী আপনার নিকট গ্রহণযোগ্য হইলে আগামী ৩০/১২/২০২০ খ্রিঃ তারিখে ব্যবস্থাপনা পরিচালক, শাহজালাল ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড, ফেঞ্চুগঞ্জ, সিলেট এর নিকট আপনাকে যোগদান পত্র দাখিল করিবার জন্য অনুরোধ করা হইল।



(মো: ছাকী হোসেন)
চিফ অব পার্সোনেল।

সদয় অবগতির জন্যঃ

১। সচিব, শিল্প মন্ত্রণালয়।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ

১। হিসাব নিয়ন্ত্রক, বিসিআইসি, ঢাকা।

২। ব্যবস্থাপনা পরিচালক, শাহজালাল ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড, ফেঞ্চুগঞ্জ, সিলেট।

৩। মহাব্যবস্থাপক (প্রশাসন), বিসিআইসি, ঢাকা।

৪। হিসাব বিভাগীয় প্রধান, শাহজালাল ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড, ফেঞ্চুগঞ্জ, সিলেট।

৫। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন-২), বিসিআইসি, ঢাকা।

৬। উপ-কর্মচারী প্রধান, (প্রশাসন-১), বিসিআইসি, ঢাকা। [এতদসঙ্গে জনাব মোঃ দেলোয়ার হোসেন এর মূল আবেদন ও অন্যান্য সনদপত্র প্রেরণ করা হলো।]

৭। ব্যক্তিগত নথি।

৮। অফিস কপি।